

💵 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৪০০

১/ বিবিধ

আরবী

لمبارزة علي بن أبى طالب لعمرو بن عبد ود يوم الخندق أفضل من أعمال أمتي إلى يوم القيامة يوم القيامة كذب

أخرجه الحاكم في " المستدرك " (3 / 32) من طريق أحمد بن عيسى الخشاب بـ " تنيس " حدثنا عمرو بن أبي سلمة: حدثنا سفيان الثوري عن بهز بن حكيم، عن أبيه عن جده مرفوعا سكت عنه الحاكم وقال الذهبي في " تلخيصه قبح الله رافضيا افتراه

قلت: وعلته الخشاب هذا فإنه كذاب كما قال ابن طاهر وغيره ولعله سرقه من كذاب مثله، فقد أخرجه الخطيب (13 / 19) من طريق إسحاق بن بشر القرشي عن بهز به وإسحاق هذا هو الكاهلي الكوفي وهو كذاب أيضا وقد سبقت له أحاديث موضوعة، فانظر مثلا الحديث (309 و311 و329 و351) من هذا الجزء

قلت: وقصة مبارزة على رضى الله عنه لعمرو بن ود وقتله إياه مشهورة في كتب السيرة وإن كنت لا أعرف لها طريقا مسندا صحيحا وإنما هي من المراسيل والمعاضيل فانظر إن شئت " سيرة ابن هشام " (3 /240 _ 234) و" دلائل النبوة " للبيهقى (3 / 435 _ 435) و" سيرة ابن كثير " (3 / 203 _ 205)

বাংলা



8০০। খন্দকের দিবসে আমর ইবনু আবদে উদ্দের সাথে আলী ইবনু আবী তালেবের লড়াই (তাকে হত্যা করার জন্য) কিয়ামত দিবস পর্যন্ত আমার উম্মাতের কর্মগুলো হতেও অতি উত্তম ।

হাদীসটি মিথ্যা।

এটি হাকিম "আল-মুসতাদরাক" গ্রন্থে (৩/২৩) আহমাদ ইবনু ঈসা খাশশাব সূত্রে ... বর্ণনা করেছেন। হাকিম তার সম্পর্কে কিছু না বলে চুপ থেকেছেন! যাহাবী "আত-তালখীস" গ্রন্থে বলেছেনঃ আল্লাহ সেই রাফেয়ীর অমঙ্গল করুন, যিনি হাদীসটি তৈরি করেছেন।

আমি (আলবানী) বলছিঃ হাদীসটির সমস্যা হচ্ছে এ খাশ্শাব। কারণ তিনি মিথ্যুক, যেরূপ ইবনু তাহের প্রমুখ বলেছেন। সম্ভবত তিনি তার মত মিথ্যুকের নিকট হতেই চুরি করেছেন। খাতীব বাগদাদী হাদীসটি (১৩/১৯) ইসহাক ইবনু বিশর কুরাশী সূত্রে ... বর্ণনা করেছেন। এ ইসহাক হচ্ছে কাহেলী কুফী, তিনিও মিথ্যুক। তার কয়েকটি জাল হাদীস পূর্বে আলোচিত হয়েছে। যেমন (৩১০, ৩১১, ৩২৯, ৩৫১)।

আলী (রাঃ)-এর আমর ইবনু উদ্দের সাথে লড়াই এবং তাকে হত্যার ঘটনাটি ইতিহাস গ্রন্থগুলোর একটি প্রসিদ্ধ ঘটনা। যদিও ঘটনাটির কোন সহীহ সূত্র সম্পর্কে আমি অবহিত নই। ঘটনাটি মুরসাল এবং মু'যাল সূত্রে বর্ণিত হয়েছে। দেখুনঃ "সিরাত ইবনু হিশাম" (৩/২৪০-২৪৩), বাইহাকীর "দালায়েলুল নাবুয়াহ" ৩/৪৩৫-৪৩৯ এবং "সিরাত ইবনু কাসীর" ৯৩/২০৩-২০৫)।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন